ঠাকুরগাও পল্লী বিদ্যুৎ সমিতি
জগন্নাথপুর,ঠাকুরগাও।

Telephone: 0561-53571
E-mail : thapbs@yahoo.com
Website: www.thakurgaonpbs.org

স্মারক নং -২৭.১২.৯৪৯৪.৫৭২.২২০.২৫.১৬. ২৬৯৭

তারিখ ঃ ১০-০৭-২০১৭ ইং।

বিষয় ঃ আউট সোর্সিং পদ্ধতিতে "নিরাপত্তা প্রহরী" নিয়োগের জন্য দরপত্র বিজ্ঞপ্তি (RFQ)।

ঠাকুরগাও পল্লী বিদ্যুৎ সমিতির জন্য আউট সোর্সিং এর মাধ্যমে চুক্তিভিত্তিতে ০১ (এক) জন নিরাপত্তা প্রহরী নিয়োগ করা হইবে। আগ্রহী নিরাপত্তা প্রহরী সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হইতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে তাহাদের নিজস্ব লেটার হেড প্যাডে সীলগালাসহ সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাইতেছে।

শর্তাবলী ঃ

০১। আউট সোর্সিং এর মাধ্যমে চুক্তিভিত্তিতে ০১ (এক) জন নিরাপত্তা প্রহরী সরবরাহে ইচ্ছুক হইলে তাহাদের আর্থিক প্রস্তাবনাসহ অন্যান্য শর্তাবলী (যদি থাকে) উল্লেখ পূর্বক আগামী ১৮/০৭/২০১৭ ইং তারিখ দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে দরপত্র পরিচালক, পবিস ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, নিকুঞ্জ, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা ঠাকুরগাও পল্লী বিদ্যুৎ সমিতি, জগন্নাথপুর, ঠাকুরগাও এ ঠিকানায় রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করিতে হইবে। দাখিলকৃত দরপত্র স্ব-স্ব স্থানে একই তারিখ অর্থাৎ আগামী ১৮/০৭/২০১৭ ইং তারিখ বেলা ১২:৩০ ঘটিকায় দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে। বিলম্বে দাখিলকৃত দরপত্র বাতিল বলে গণ্য হইবে।

০২। নিরাপত্তা প্রহরীগণকে কমপক্ষে এস,এস,সি পাশ হইতে হইবে।

০৩। নিরাপত্তা প্রহরীগণকে ঠাকুরগাও পল্লী বিদ্যুৎ সমিতি এর নিয়ন্ত্রনাধীন থাকিয়া (ইউনিফরম পরিহিত) পূর্ণ পোষাকে (দিনে/রাতে) বছরে ৩৬৫ দিন নিরাপত্তার দায়িত্ব ও কর্তব্য সম্পাদন করিতে হইবে।

০৪। নিরাপত্তা প্রহরীকে সুস্থ ও সুঠাম দেহের অধিকারী ও নিরাপত্তা বিষয়ে অভিজ্ঞ ও প্রশিক্ষণ প্রাপ্ত হইতে হইবে।

০৫। ছুটিতে গেলে, অসুস্থ হলে, দায়িত্ব পালনে অসমর্থ হলে এবং পরিবর্তনযোগ্য নিরাপত্তা কর্মীকে সরবরাহকারী প্রতিষ্ঠানের নিজ দায়িত্বে যোগ্যতাসম্পন্ন নিরাপত্তা কর্মী প্রতিস্থাপনের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে। কর্তব্যরত নিরাপত্তা প্রহরীগণ সঠিকভাবে দায়িত্ব পালন করিতেছেন কিনা তাহা নিরাপত্তা প্রহরী সরবরাহকারী প্রতিষ্ঠানের পরিদর্শকগণ আকস্মিক পরিদর্শনের মাধ্যমে নিশ্চিত করিবেন।

০৬। নিয়োজিত নিরাপত্তা প্রহরীদের বেতন, ভাতা, থাকা খাওয়া, পোষাক, চিকিৎসা এবং যাতায়াত খরচ অত্র পবিস কর্তৃক বহন করা হইবে না। নিরাপত্তা প্রহরীদের পোষাক, বেল্ট/ক্যাপ, নেম প্লেট, কোম্পানীর মনোগ্রাম, আইডি কার্ড, বাঁশি ইত্যাদি নিরাপত্তা প্রহরী সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহ করিতে হইবে।

০৭। নিরাপত্তা প্রহরীদের হাজিরা কার্ড/রেজিস্টারের রেকর্ড মোতাবেক পারিশ্রমিক/কভারেজ ডিউটির মাসিক মজুরী পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে নিরাপত্তা প্রহরী সরবরাহকারী প্রতিষ্ঠান এর অনুকূলে চেকের মাধ্যমে পরিশোধ করা হইবে। প্রয়োজনে ডিডি কমিশন চার্জ পরিশোধ স্বাপেক্ষে ডিডি দেওয়া যাইবে। মাসিক বেতন ও ভাতাদি হইতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হইবে।

০৮। নিয়োজিত জনবলের দক্ষতা বা অবহেলার কারণে অত্র প্রতিষ্ঠানের কোন ক্ষতি হইলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তাহার ব্যায়ভার বহন করিতে হইবে। সরবরাহকৃত জনবলের মধ্যে কাহারও কাজের মান সন্তোষজনক না হইলে বা কাহারও বিরুদ্ধে কোন অভিযোগ উত্থাপিত হইলে তাহা লিখিত ভাবে অবহিত হওয়ার পর ৭২ ঘন্টার মধ্যে সংশ্লিষ্ট ব্যক্তির পরিবর্তে উপযুক্ত জনবল প্রতিস্থাপন করিতে হইবে।

০৯। নিরাপত্তা প্রহরী সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক অত্র পবিসের কাজের জন্য সরবরাহকৃত নিরাপত্তা কর্মীদের পাসপোর্ট সাইজের সত্যায়িত ০২ (দুই) কপি ছবিসহ জীবন বৃত্তান্ত ও জাতীয় পরিচয়পত্র জমা প্রদান করিতে হইবে। নিরাপত্তা কর্মীদের চারিত্রিক বিষয়ে প্রয়োজনীয় পুলিশি তদন্ত নিরাপত্তা প্রহরী সরবরাহকারী প্রতিষ্ঠান নিজ দায়িত্বে ০৩ (তিন) মাসের মধ্যে সম্পন্ন পূর্বক তাহার মূল কপি অত্র প্রতিষ্ঠানে জমা প্রদান করিতে হইবে।

১০। নিরাপত্তা প্রহরীকে অত্র পবিস এর সদর দপ্তর সহ যে কোন জোনাল অফিস, সাব জোনাল অফিস, এরিয়া অফিস, অভিযোগ কেন্দ্র বা সাব-ষ্টেশনে পোল ইয়ার্ড ও সুইচিং ষ্টেশনে পোষ্টিং দেওয়া যাইতে পারে।

১১। নির্ধারিত ছকে ৩০০.০০ (তিনশত) টাকার মূল্যমানের নন জুডিশিয়েল ষ্ট্যাম্পে চুক্তি সম্পাদন করিতে হইবে। সরবরাহকারী প্রতিষ্ঠানকে চুক্তি সম্পাদনের পূর্বে সরবরাহযোগ্য লোকবলের বিপরীতে ০১ (এক) মাসের বেতনের সরপরিমান অর্থ নিরাপত্তা জামানত হিসাবে ব্যাংক গ্যারান্টি/পে-অর্ডার আকারে ঠাকুরগাও পল্লী বিদ্যুৎ সমিতি এর বরাবর জমা দিতে হইবে। উক্ত জামানত সন্তোষজনকভাবে চুক্তি সমাপনান্তে ফেরৎযোগ্য। তবে চুক্তি শর্ত ভঙ্গের ক্ষেত্রে উক্ত জামানত বাজেয়াপ্ত করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষন করেন। উল্লেখ্য যে, প্রাথমিকভাবে ৩ বৎসরের জন্য চুক্তি সম্পাদন করা হইবে। তবে লোকবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সঙ্গে সম্পাদিত চুক্তি যে কোন পক্ষ ০১ (এক) মাসের পূর্ব নোটিশে বাতিল করিতে পারিবেন।

অপর পৃষ্ঠা দ্রঃ-

ঠাকুরগাও পল্লী বিদ্যুৎ সমিতি
জগন্নাথপুর,ঠাকুরগাও।

Telephone: 0561-53571
E-mail : thapbs@yahoo.com
Website: www.thakurgaonpbs.org

১২। জনবল সরবরহকারী প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক স্বচ্ছলতার সনদ, ভ্যাট নিবন্ধন সনদ, আয়কর সনদের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।

১৩। জনবল সরবরাহের ক্ষেত্রে অভিজ্ঞতার সনদের জন্য বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতি ও বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের বিভিন্ন বিভাগে নিরাপত্তা প্রহরী হিসাবে লোকবল সরবরাহের অভিজ্ঞতাকে অগ্রাধিকার প্রদান করা হইবে। অভিজ্ঞতা প্রমাণক হিসাবে বর্ণিত প্রতিষ্ঠানের কার্যাদেশের কপি দরপত্রের সাথে দাখিল করিতে হইবে।

১৪। যদি একাধিক দরদাতা একই দর দাখিল করে মূল্যায়নের ক্ষেত্রে পূর্ববর্তী অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া হইবে ।

১৫। দরদাতা প্রতিষ্ঠানের নিজস্ব অফিস, লোকবল ও লজিষ্টিক সাপোর্ট থাকিতে হইবে।

১৬। কোন ব্যক্তি বিশেষের সাথে নিয়োগকারী কর্তৃপক্ষের চুক্তি হইবে না। জনবল সরবরাহকারী হিসাবে স্বীকৃত প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন করা হইবে। কোন ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা হইবে না।

১৭। দরপত্র বিজ্ঞপ্তির (RFQ) শর্তাবলীতে উল্লেখ নাই এমন সকল বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

(মোঃ ইনছের আলী) ২৮/৭/০৭
জেনারেল ম্যানেজার
ঠাপবিস।

অনুলিপি (সদয় অবগতি ও নোটিশ বোর্ডে বহুল প্রচারের অনুরোধ সহ) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস ব্যঃ পঃ (উঃ অঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, ঠাকুরগাও।
০৪। পুলিশ সুপার, ঠাকুরগাও।
০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ----------- জোন, বাপবিবো, কুমিল্লা।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....................পবিস -১/২/৩/৪।
০৭। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, ঠাকুরগাও।
০৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঠাকুরগাও।
০৯। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, ঠাকুরগাও।
১০। উপজেলা নির্বাহী অফিসার,........................................ঠাকুরগাও।
১১। ডিজিএম, কারিগরী/পঞ্চগড়/পীরগঞ্জ/জোনাল অফিস, ঠাপবিস।
১২। এজিএম(ওএন্ডএম), বোদা/রানীশংকৈল সাব-জোনাল অফিস।
১৩। সহকারী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, ঠা কুরগাও।
১৪। সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার-আইটি (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১৫। মেসার্স..............................................................
১৬। নোটিশ বোর্ড, ঠাকুরগাও পবিস।
১৭। ব্যক্তি নথি/অফিস কপি/মাষ্টার কপি।

২৮/৭/০৭
জেনারেল ম্যানেজার
ঠাপবিস।

E:\KRISHNA\200.20.doc